খুলনা শিপইয়ার্ড লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

খুশিলি/ প্রশা - ২ - ৩/ ৭১ ২২ জুলাই ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী পরিচালিত খুলনা শিপইয়ার্ড লিমিটেড (খুশিলি) এর জন্য স্থায়ী ভিত্তিতে নিম্নেবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

| ক্রমিক | পদ ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | ৩১ জুলাই ২৬ এ বয়সসীমা |
|---|---|---|---|---|
| ১। | সহকারী নৌ স্থপতি (জাতীয় বেতন স্কেল ২০১৫ গ্রেড - ০৯) | ০৪টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন নেভাল আর্কিটেক্ট।<br>**অভিজ্ঞতাঃ** স্বনামধন্য জাহাজ নির্মাণ ও মেরামতকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৩ (তিন) বছরের চাকুরির অভিজ্ঞতা। | অনূর্ধ্ব ৩২ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য) |
| ২। | হিসাবরক্ষণ কর্মকর্তা (জাতীয় বেতন স্কেল ২০১৫ গ্রেড - ০৯) | ০১টি | ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৬ (ছয়) বছরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী (হিসাব বিজ্ঞান/ ফাইন্যান্স এন্ড ব্যাংকিং)। | |
| ৩। | উপ-সহকারী প্রকৌশলী (জাতীয় বেতন স্কেল ২০১৫ গ্রেড - ১০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশ (পাওয়ার টেকনোলজি) ন্যূনতম ৪ (চার) বছরের কোর্স।<br>**অভিজ্ঞতাঃ** জাহাজ নির্মাণ ও মেরামতকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতা। | |

২। **শর্তাবলী ঃ**

ক। প্রার্থীকে **ব্যবস্থাপনা পরিচালক**, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদনে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বোর্ড, বিভাগ/জিপিএসহ) এবং অভিজ্ঞতা উল্লেখ্য করতে হবে। **"ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা"** এর অনূকুলে তফশিলভূক্ত যে কোন ব্যাংক হতে সকল পদের জন্য টাকা ৩০০.০০ (তিনশত মাত্র) এর অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

খ। খুশিলিতে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে এবং অনুরূপ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শর্তাবলী শিথিলযোগ্য। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

গ। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।

ঙ। আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা রঙ্গিন পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয় পত্র ও অভিজ্ঞতার সনদপত্র (ফটোকপি) দাখিল করতে হবে। পরীক্ষার দিন আবেদন পত্রের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূলকপি সাথে আনতে হবে।

চ। প্রার্থীর আবেদনপত্র অবশ্যই আগামী ০২ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ৪:৩০ ঘটিকার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবর পৌঁছাতে হবে।

ছ। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

জ। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

ঝ। যে সকল আবেদনকারীর আবেদন প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। তবে, পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।

ঞ। প্রাথমিক বাছাই এবং চূড়ান্ত পরীক্ষায় প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে খুশিলি এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং খুশিলি কর্তৃপক্ষ কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

ট। কোন প্রার্থী খুশিলির চাকুরি থেকে বহিস্কৃত হলে তিনি চাকুরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবেন।

ঠ। এই বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল/ প্রত্যাহারের সর্বস্বত্ত অধিকার খুশিলি সংরক্ষণ করে।

ড। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ/ যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না।

**ব্যবস্থাপনা পরিচালক**